



উত্তরাঞ্চলে আবারও নির্বাচনী সফরে যাচ্ছেন তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

নির্বাচনী প্রচারণার অংশ হিসেবে আগামী ৭ ফেব্রুয়ারি দেশের উত্তরাঞ্চলের তিন জেলা সফরে যাচ্ছেন বিএনপি চেয়ারপারসন তারেক রহমান। সফরের তালিকায় রয়েছে দিনাজপুর, ঠাকুরগাঁও ও নীলফামারী।

বুধবার বিকেলে দিনাজপুর জেলা বিএনপি কার্যালয়ে আয়োজিত এক বৈঠক শেষে এ তথ্য জানান দলের স্থায়ী কমিটির সদস্য ও দিনাজপুর-৬ আসনের প্রার্থী ডা. এ জেড এম জাহিদ হোসেন। তিনি বলেন, এবারের সফরটি সড়কপথে নয়; হেলিকপ্টারযোগে রংপুর বিভাগের এই তিন জেলায় প্রচারণায় অংশ নেবেন তারেক রহমান। যদিও দিন নির্ধারিত হয়েছে ৭ ফেব্রুয়ারি, তবে সঠিক সময় এখনও চূড়ান্ত হয়নি। নিরাপত্তা পরিস্থিতি, আবহাওয়া এবং সফরসূচি প্রণয়নকারীদের সিদ্ধান্তের ওপর সময় নির্ভর করবে।

ডা. জাহিদ হোসেন জানান, এই সফরে তিন জেলায় আয়োজিত নির্বাচনী জনসভায় বক্তব্য রাখবেন তারেক রহমান। ঠাকুরগাঁও-১ আসনে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, দিনাজপুর-৬ আসনে ডা. এ জেড এম জাহিদ হোসেন এবং নীলফামারী-২ আসনে বিএনপির প্রার্থী শাহরিন ইসলাম তুহিনের পক্ষে এসব জনসভা অনুষ্ঠিত হবে।

দিনাজপুরে জনসভা সফল করতে ইতোমধ্যে দলীয় নেতা-কর্মীদের সঙ্গে প্রস্তুতিমূলক বৈঠক করা হয়েছে বলেও জানান তিনি। পাশাপাশি সাংগঠনিক প্রস্তুতি শুরু হয়েছে।

এ সফরে তারেক রহমান তার প্রয়াত নানা ইক্কান্দার মজুমদার, নানি তৈয়বা মজুমদার এবং খালা সাবেক মন্ত্রী খুরশীদ জাহান হকের কবর জিয়ারত করবেন বলেও জানা গেছে।